দৈনিক বাংলা

তারিখ ৭।২।৭৯
পৃষ্ঠা ১২ কলাম ৩

62

## সংস্কৃতি মন্ত্রণালয় অফিসার সমিতির দাবী

সংস্কৃতি ও ক্রীড়া মন্ত্রণালয়ের পরিদফতর ও অফিসসমূহের অফিসার্স সমিতি তাদেরকে জনশিক্ষা বিভাগের বেতন স্কেলের মত বেতন স্কেল প্রদানের দাবী জানিয়েছে। সমিতির চার দফা দাবীর মধ্যে রয়েছে উক্ত মন্ত্রণালয়ের সমস্ত সরকারী পরিদফতর ও ডিপার্টমেন্টের সার্ভিসকে জনশিক্ষা পরিদফতরের সার্ভিসের সমান পদমর্যাদা ও বেতন স্কেল প্রদান, এ সার্ভিসকে টেকনিক্যাল সার্ভিস হিসেবে মর্যাদা দান ইত্যাদি। খবর প্রেস বিজ্ঞপ্তির।